দৈনিক ইনকিলাব

তারিখ 23 JAN 1994
পৃষ্ঠা ১ কলাম ২

160

# শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসের প্রতিবাদে সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি

।। স্টাফ রিপোর্টার ।।

সরকারী সুনামগঞ্জ কলেজে শিক্ষক হত্যা, রাজেন্দ্র কলেজের শিক্ষকের উপর হামলা, করটিয়া সা'দত কলেজে অধ্যক্ষ অফিস ভাঙচুর ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে সরকারী কলেজ অধ্যাপক সমিতি ও সরকারী কলেজ প্রভাষক সমিতির আহ্বানে গতকাল সারাদেশের সরকারী কলেজে সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত ২ ঘন্টা বিরতি পালিত হয়। পরীক্ষাসমূহ এই

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষকদের কর্মবিরতি

প্রথম পৃষ্ঠার পর

কর্মবিরতির আওতা বহির্ভূত রাখা হয়। কর্মবিরতি শেষে ঢাকার সরকারী বিজ্ঞান কলেজে উভয় সমিতির সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমানের উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত প্রস্তাবসমূহ হচ্ছেঃ সন্ত্রাসীদের শাস্তিদানে সরকার ও শিক্ষা-

প্রতিষ্ঠানকে সর্বোচ্চ নিরপেক্ষতা অবলম্বন করতে হবে। সন্ত্রাসকে নিরুৎসাহিত করতে দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টি করতে হবে। শিক্ষা ব্যবস্থায় বিদ্যমান ত্রুটি বন্ধ করে নৈতিক শিক্ষার উপর জোর দিতে হবে। শিক্ষকদের দলাদলী বা রাজনৈতিক মতাদর্শ প্রচার বন্ধ করতে হবে। রাজনৈতিক প্রভাবমুক্ত ছাত্র সংসদ নির্বাচনে মেধাকে অগ্রাধিকার দিতে হবে। হামলাকারী ছাত্র সন্ত্রাসীদের সব ডিগ্রী সার্টিফিকেট বাতিল করতে হবে।